

প্রযুক্তি জগতের সেরা প্রধান নির্বাহীরা

শীর্ষে মার্ক জাকারবার্গ

সেরা ৫০ জন প্রধান নির্বাহীর মধ্যে শীর্ষেই আছেন প্রযুক্তি দুনিয়ার প্রধান নির্বাহীরা। কাজের পরিবেশ ও প্রতিষ্ঠান পরামর্শকবিষয়ক গবেষণাপ্রতিষ্ঠান গ্লাসডোর সম্প্রতি এই তালিকা প্রকাশ করে। কর্মীদের দেওয়া এক বছরের রেটিং হিসাব করে প্রতিবছর প্রধান নির্বাহীর এই তালিকা প্রকাশ করে প্রতিষ্ঠানটি। এই তালিকায় শীর্ষে আছেন সামাজিক যোগাযোগের জনপ্রিয় ওয়েবসাইট ফেসবুকের প্রধান নির্বাহী মার্ক জাকারবার্গ। নিজের অফিসের কর্মীদের ৯৯ শতাংশ জনপ্রিয়তার ভিত্তিতে জাকারবার্গ এই শীর্ষত্ব অর্জন করেছেন। এই তালিকার ৫০ জনের মধ্যে

(<http://goo.gl/mNKqy>)
প্রযুক্তিপ্রতিষ্ঠানেরই আছেন ১৯ জন। এই তালিকায় জাকারবার্গের পরেই আছেন স্যাপের সহপ্রধান বিল ম্যাকডারমট ও জিম হেজম্যান এবং শীর্ষদশের মধ্যে রয়েছেন

কগনিজ্যান্ট টেকনোলজিস সলিউশনের ফ্র্যাঙ্ক ডি'সুজা, কোয়ালকমের পল ই জ্যাকবস ও আ্যসেঞ্জারের পিয়েরে ন্যানটর্মি। এ ছাড়া এই তালিকা অনুযায়ী সার্চ ইঞ্জিন গুগলের প্রধান নির্বাহী ল্যারি পেজ ১১তম এবং ইন্টেলের পল এস অটিলিনি ২১তম স্থানে আছেন।

বিশ্বখ্যাত ই-কমার্স সাইট আমাজনের প্রধান জেফ বেজোস ও অ্যাপলের প্রধান টিম কুক যথাক্রমে ১৬ এবং ১৮তম স্থানে আছেন। এই তালিকায় ৪৬তম স্থানে আছেন ওরাকলের ল্যারি অ্যালিসন, ৪৯তম স্থানে আছেন ডেলের মাইকেল ডেল। এ ছাড়া এই তালিকায় আরও আছেন ক্রিটিক সিস্টেমের মার্ক বি টেম্পলটন (১২তম),



মার্ক জাকারবার্গ



বিল ও জিম



ফ্র্যাঙ্ক ডি'সুজা



পল ই জ্যাকবস



পিয়েরে ন্যানটর্মি

সেলসফোর্স ডট কমের মার্ক বেনিঅফ (১৩তম), এনভিডিয়ার জেন-হোসন হং (১৫তম), এরিকসন ওয়াল্ডওয়াইডের হ্যানস বেস্টবের্গ (১৭তম), নেটঅ্যাপের টম জর্জেস (২২তম), ইনটিআইটির ব্র্যান্ড স্মিথ (২৩তম), টাটা কনসালটেন্সি সার্ভিসের নটরঞ্জন চন্দ্রশেখর (২৫তম) ও উইথোর টি কে কুরিয়েন (৪৪তম)।

কর্মীদের মধ্যে জনপ্রিয় কিংবা নিজেদের কাজের জন্য সেরা হওয়ার এই তালিকায় কর্মীদের ভোটই নিয়মিতভাবে এই তালিকা প্রকাশ করে গ্লাসডোর।

— গ্লাসডোর অবলম্বনে কাজী আলম



টেকটক

কল ওয়েটিংয়ের পর মানব যোগাযোগের সবচেয়ে গুরুত্বপূর্ণ আবিষ্কার হলো ইন্টারনেট



ডেভ ব্যারি
(৩ জুলাই
১৯৪৭)
পুলিৎজার
পুরস্কারজয়ী
আমেরিকার
কলামিস্ট
